**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/4/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটজুড়ে 3,100টি সাশ্রয়ী আবাসনের অর্থায়নের জন্য 875 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

***এই অর্থ আবাসন সরবরাহ বৃদ্ধি করবে, বয়স্ক, ভেটেরান, দুর্বল জনগোষ্ঠীকে স্বাধীনভাবে বাঁচতে দিবে এমন সমর্থক সেবা প্রদান করবে***

***উচ্চ শক্তিদক্ষ ভবনগুলি স্টেটের কার্বন হ্রাসের লক্ষ্য অগ্রসর করবে***

***ডিজিটাল বিভক্তি কমিয়ে আনতে সাহায্য করার জন্য ডেভেলপমেন্টগুলি বিনামূল্যে ব্রডব্যান্ড প্রদান করবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটজুড়ে 27টি ডেভেলপমেন্টে 3,100টি সাশ্রয়ী, টেকসই, এবং সমর্থক আবাসন নির্মাণ করার জন্য বন্ড, কর ক্রেডিট, এবং ভর্তুকির মাধ্যমে 875 মিলিয়ন মার্কিন ডলার অর্থায়ন প্রদান করা হবে। অতিরিক্ত বেসরকারি তহবিল ও সংস্থানের সাথে যুক্ত হয়ে, 27টি প্রকল্প যে তহবিল পাবে তা মোট 1.5 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ তৈরি করবে বলে প্রত্যাশা করা যাচ্ছে। এই অর্থ প্রত্যেক অঞ্চলের আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, স্থানীয় অর্থনৈতিক বিকাশ প্রয়াসে সহায়তা করবে, দুর্বল জনগোষ্ঠীকে নিরাপদে আবাসনে রাখে এমন অনসাইট সেবা দ্বারা গৃহহীনতার বিরুদ্ধে লড়াই করবে, টেকসই বৈশিষ্ট্য অন্তর্ভুক্ত করবে যা স্টেটের জলবায়ু লক্ষ্যকে অগ্রসর করবে এবং ডিজিটাল বিভক্তি কমিয়ে আনতে বিনামূল্যে ব্রডব্যান্ড প্রদান করবে।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসীর যাতে সাশ্রয়ী, টেকসই, এবং জীবনযাত্রা উন্নত করার জন্য অতি গুরুত্বপূর্ণ সেবাদান করে এমন আবাসন পাওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করতে আমার প্রশাসন প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।** "পরিশেষে এই তহবিল বয়স্ক ও দুর্বল বাসিন্দাদের স্বাধীনভাবে বাঁচার জন্য আরো স্থান, তরুণদের ক্রয়ক্ষমতার মধ্যে অ্যাপার্টমেন্ট, এবং এমন পুনর্জীবিত সম্প্রদায় প্রদান করবে যেখানে ব্যবসাসমূহ সফল হতে এবং নিজেদের কর্মীবাহিনীর বিকাশ করতে পারবে। আবাসনের সরবরাহ বৃদ্ধি করা এবং নিউ ইয়র্ককে সকলের জন্য আরো সাশ্রয়ী, আরো বসবাসযোগ্য করার আমাদের কৌশলী প্রয়াসের জন্য এই উদ্ভাবনী ডেভেলপমেন্টগুলি কেন্দ্রীয়।"

আজকের ঘোষিত অর্থ গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের সার্বিক আবাসন পরিকল্পনার (Housing Plan) অংশ যা পুরো নিউ ইয়র্কে 100,000 সাশ্রয়ী আবাস তৈরি বা সংরক্ষণ করে আবাসন সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে দুঃস্থ জনগোষ্ঠীর জন্য 10,000টি সমর্থক সেবাসহ বাসা থাকবে, এবং একই সাথে আরো 50,000 বাসার বৈদ্যুতিকরণ করা হবে।

নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal, HCR) নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট কর্মসূচি (Low Income Housing Tax Credit Program) এবং কর মওকুফ বন্ড (Tax-Exempt Bond) অর্থায়নের মাধ্যমে তহবিল প্রদান করা হচ্ছে। এজেন্সির মার্চ 2023 বন্ড ইস্যুতে সাতটি প্রকল্পকে 684 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি ও কর মওকুফ আবাসন বন্ড প্রদান করা হয়েছে। HCR এর একাধিক পরিবারের অর্থায়ন RFP (Multifamily Finance RFP) এর মাধ্যমে বিশটি ডেভেলপমেন্টকে 191 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে, এটি একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়া যা সাশ্রয়ী ও সমর্থক একাধিক পরিবারের আবাসন ডেভেলপমেন্টের অর্থায়নের জন্য ফেডারেল ও স্টেটের নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট এবং ভর্তুকি প্রদান করে।

প্রত্যেক প্রকল্প HCR এর 2022 সালে প্রতিষ্ঠিত নতুন টেকসই মানদণ্ড মেনে চলে যা আরো স্বাস্থ্যকর বসবাসের পরিবেশ এবং অত্যন্ত দক্ষ ভবনের প্রচার করে এবং নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায়ের সুরক্ষার আইন (New York State Climate Leadership and Community Protection Act) দ্বারা নির্ধারিত লক্ষ্যসমূহকে সমর্থন করে।

অর্থপ্রাপ্ত প্রকল্পসমূহের অর্ধেকের বেশি প্রকল্প উচ্চতর পর্যায়ের টেকসই হওয়া ও কার্বন হ্রাসের জন্য নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) পরিচ্ছন্ন শক্তি উদ্যোগের (Clean Energy Initiative) থেকে পাওয়া মোট 9 মিলিয়ন মার্কিন ডলার ব্যবহার করবে।

পাশাপাশি, ডেভেলপমেন্টগুলি বাসিন্দাদের জন্য বিনামূল্যে ব্রডব্যান্ড প্রদান করে, যা গভর্নরের কানেক্টALL (ConnectALL) উদ্যোগের অনুবর্তী, এটি সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে উচ্চগতির ইন্টারনেট প্রদান করতে এবং অপেক্ষাকৃত কম আয়ের নিউ ইয়র্কবাসীদের ডিজিটাল বিভক্তি কমিয়ে আনতে ঐতিহাসিক বিনিয়োগ করেছে।

**নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন,** "আমাদের আজকে ঘোষিত 875 মিলিয়ন মার্কিন ডলারের অর্থায়ন নিউ ইয়র্কের প্রত্যেক এলাকায় 3,100 এর বেশি মানসম্পন্ন, সাশ্রয়ী, পরিবেশগতভাবে টেকসই অ্যাপার্টমেন্ট প্রদান করবে এবং একইসাথে ব্রডব্যান্ড ও অত্যাবশ্যকীয় সমর্থন সেবা পাওয়ার সুযোগ সম্প্রসারণ করবে। আমাদের 25 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনার চেতনার প্রতি বিশ্বস্ত থাকা এই 27টি প্রকল্প নিউ ইয়র্কের আবাসন সরবরাহ বৃদ্ধি করবে এবং এমন প্রাণবন্ত, বৈচিত্র্যময়, এবং অর্থনৈতিকভাবে স্থিতিশীল সম্প্রদায় তৈরি করবে যেখানে সকল পর্যায়ের উপার্জনসহ ব্যক্তির বাস করার সামর্থ্য থাকবে। জীবন পরিবর্তন করে দেওয়ার মতো এইসব ডেভেলপমেন্টে আমাদের প্রতিভাবান নির্মাণ অংশীদারদের কঠোর পরিশ্রমের জন্য তাদের অভিনন্দন ও ধন্যবাদ।"

অর্থদানের সম্পূর্ণ বর্ণনা এখানে পাওয়া যাবে।

**রাজধানী অঞ্চল**

- **স্কেনেকট্যাডি সিটিতে মোজাইক অ্যাপার্টমেন্টস,** ডেপল প্রোপার্টিজ, ইনকর্পোরেটেডের নির্মিত 27 মিলিয়ন মার্কিন ডলারের দুইটি নতুন ভবনের নির্মাণকাজ।
- **মিন্যান্ডস গ্রামের 35 ব্রডওয়ে ভেটেরান্স হাউজ**িং হলো বিকন কমিউনিটি সার্ভিসেস, এলএলসি দ্বারা নির্মিত একটি 25 মিলিয়ন মার্কিন ডলারের 67 ইউনিট নতুন নির্মাণ প্রকল্প।

**Central New York**

- **সিরাকিউজ সিটির ক্রিকসাইড ল্যান্ডিং** হলো হাউজিং ভিশনস কন্সালটেন্টস, ইনকর্পোরেটেডের নির্মিত একটি 31 মিলিয়ন মার্কিন ডলারের, 52 ইউনিট, একাধিক সাইটের পুনর্গঠন ও নতুন নির্মাণ প্রকল্প।

**ফিঙ্গার লেকস**

- **ফেয়ারপোর্ট গ্রামের পাইন্স অফ পেরিন্টন** হলো উইন কোম্পানিজের নির্মিত 137 মিলিয়ন মার্কিন ডলারের একটি প্রকল্প যা পাঁচটি ঐতিহাসিক দোতলা ভবনসহ একটি 508 অ্যাপার্টমেন্টের HUD সেকশন 236 একাধিক পরিবারের আবাসন সম্পত্তিকে অধিগ্রহণ ও এর পুনর্বাসন করবে।
- **রচেস্টার সিটির সেইন্ট জোসেফ পার্কের অলটা ভিস্টা** হলো একটি 36 মিলিয়ন মার্কিন ডলারের, 76 ইউনিটের নতুন মিশ্র আয়ের, মিশ্র ব্যবহারের প্রকল্প এবং এটি ইবারো-আমেরিকান ডেভেলপমেন্ট কর্পোরেশনের নির্মিত রচেস্টার ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের একটি অগ্রাধিকার প্রকল্প।
- **হিল্টন গ্রামের সেইন্ট লিও সিনিয়র অ্যাপার্টমেন্টস** হলো প্রভিডেন্স হাউজিং ডেভেলপমেন্ট কর্পোরেশন এবং এপিস্কোপাল সিনিয়র লাইফ কমিউনিটিজের নির্মিত একটি 15 মিলিয়ন মার্কিন ডলারের নতুন ইনফিল নির্মাণ প্রকল্প যেখানে 40 ইউনিট সমর্থক ও বয়স্ক আবাসন থাকবে।

**Long Island**

- **হেম্পস্টিড গ্রামের কারম্যান প্লেস** হলো কনিফার এবং লং আইল্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট কর্পোরেশনের নির্মিত একটি 155 মিলিয়ন মার্কিন ডলারের, পরিবহনকেন্দ্রিক এবং হাঁটার জন্য উপযুক্ত 228 ইউনিটের ডেভেলপমেন্ট।
- **হেম্পস্টিড গ্রামের এস্টেলা হাউজিং** হলো কনসার্ন ফর ইন্ডিপেন্ডেন্ট লিভিংয়ের নির্মিত একটি প্রায় 72 মিলিয়ন মার্কিন ডলারের, শক্তি দক্ষ, 96 ইউনিটের সাশ্রয়ী ও সমর্থক ডেভেলপমেন্ট।

- **ওয়াইনডাকের হ্যামলেটের অ্যালজেরিয়া নর্থ** হলো লং আইল্যান্ড রেলরোড নিকটে একটি 48 মিলিয়ন মার্কিন ডলারের, 81 ইউনিটের নতুন নির্মাণ প্রকল্প। এর নির্মাতা হলো D&F ডেভেলপমেন্ট গ্রুপ, LLC।
- **প্যাচোগি গ্রামের দ্য গ্রোভ** হল GGV গ্রোভ অ্যাপার্টমেন্টস, এলএলসি নির্মিত একটি 33 মিলিয়ন মার্কিন ডলারের, 55 ইউনিটের নতুন নির্মাণ হতে যাওয়া সমর্থক আবাসন ডেভেলপমেন্ট, যার সেবাদানকারী হল নিউ গ্রাউন্ড, ইনকর্পোরেটেড।

**<u>মিড-হাডসন অঞ্চল</u>**

- **ইয়োঙ্কার্স সিটির জেমস লিনবার্গ সিনিয়র অ্যাপার্টমেন্টস** হলো মেট্রো নর্থ স্টেশনের নিকটে একটি 47 মিলিয়ন মার্কিন ডলারের, 94 ইউনিটের বয়স্কদের জন্য নতুন নির্মাণ প্রকল্প। এর নির্মাতা হলো ওয়ারবার্টন অ্যাভিনিউ অ্যাপার্টমেন্টস, এলএলসি।
- **নিউবার্গ সিটির ইস্ট এন্ড লফটস** হলো দ্য কিয়ারনি রিয়েলটি ও ডেভেলপমেন্ট গ্রুপ, ইনকর্পোরেটেডের নির্মিত একটি 23 মিলিয়ন মার্কিন ডলারের, 66 ইউনিটের মিশ্র ব্যবহার ও মিশ্র আয়ের ইনফিল নতুন নির্মাণ প্রকল্প।
- **হাইল্যান্ড হ্যামলেটের সিলভার গার্ডেন্স** হলো RUPCO, ইনকর্পোরেটেডের নির্মিত একটি 20 মিলিয়ন মার্কিন ডলারের, 57 ইউনিটের নতুন নির্মাণ হতে যাওয়া নিম্ন আয়ের বয়স্কদের জন্য সমর্থক আবাসন ডেভেলপমেন্ট।

**<u>মোহক ভ্যালি</u>**

- **ইউটিকা সিটির ইউটিকা রেনেসাঁ** হলো ভেসিনো গ্রুপ এবং ইউটিকা আবাসন কর্তৃপক্ষের নির্মিত একটি 101 মিলিয়ন মার্কিন ডলারের, 74 ইউনিটের বয়স্কদের এবং সমর্থক আবাসন ডেভেলপমেন্ট।
- **গ্লোভার্সভিল সিটির গ্লোভ সিটি লফটস** হল পার্কভিউ ডেভেলপমেন্ট এবং কন্সট্রাকশন, এলএলসির নির্মিত একটি 25 মিলিয়ন মার্কিন ডলারের, 75 ইউনিটের মিশ্র আয়ের মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্ট।

**<u>নিউ ইয়র্ক সিটি</u>**

- **ব্রুকলিনের ক্লার্কসন এস্টেটস** হলো CAMBA হাউজিং ভেঞ্চার্সের নির্মিত একটি 238 মিলিয়ন মার্কিন ডলারের নতুন নয়তলা 328 ইউনিটের সাশ্রয়ী ডেভেলপমেন্ট।
- **কুইন্সের সাটফিন সিনিয়র হাউজিং** হলো ব্রেকিং গ্রাউন্ডের নির্মিত একটি 142 মিলিয়ন মার্কিন ডলারের, 173 অ্যাপার্টমেন্টের, 15 তলা বয়স্কদের আবাসন ডেভেলপমেন্ট।
- **ব্রুকলিনের ইস্ট নিউ ইয়র্কের পিটকিন অ্যাভিনিউ রেসিডেন্স** হলো হাউজিং ওয়ার্কস, ইনকর্পোরেটেডের নির্মিত একটি 22 মিলিয়ন মার্কিন ডলারের, 39 ইউনিটের নতুন নির্মাণ।
- **ব্রঙ্কসের ইস্ট হার্লেমের ক্যাসল III** হলো ফরচুন সোসাইটির নির্মিত একটি 53 মিলিয়ন মার্কিন ডলারের, 82 ইউনিটের নতুন নির্মাণের জন্য সাশ্রয়ী ও সমর্থক প্রকল্প।

- **ব্রঙ্কসের ফোর্ডহ্যাম হাইটসের কমিউনিলাইফ টাইবাউট** হলো কমিউনিলাইফ, ইনকর্পোরেটেডের নির্মিত একটি 54 মিলিয়ন মার্কিন ডলারের, 83 ইউনিট বয়স্কদের ও সমর্থক আবাসন ডেভেলপমেন্ট।

**North Country**

- **টাপার লেক গ্রামে ওভাল উড ডিশ ফ্যাক্টরি** হলো হাউজিং ভিশনস কনসালটেন্স, ইনকর্পোরেটেডের নির্মিত একটি 39 মিলিয়ন মার্কিন ডলারের, 80 ইউনিটের সাশ্রয়ী বাণিজ্যিক স্থানসহ কমপ্লেক্স।

**সাউদার্ন টিয়ার**

- **বাথ গ্রামের ডানা লিয়ন অ্যাপার্টমেন্টস** হলো প্রভিডেন্স হাউজিং ডেভেলপমেন্ট কর্পোরেশনের নির্মিত একটি 21 মিলিয়ন মার্কিন ডলারের, 49 ইউনিট মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্ট।
- **ইথাকা সিটির স্টেটলি অ্যাপার্টমেন্টস** হলো ভিসাম ডেভেলপমেন্ট গ্রুপ, এলএলসি এবং আরবার হাউজিং এবং ডেভেলপমেন্টের নির্মিত একটি 30 মিলিয়ন মার্কিন ডলারের, 57 ইউনিটের নতুনভাবে নির্মিত ইনফিল, মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্ট।

**ওয়েস্টার্ন নিউ ইয়র্ক**

- **বাফেলো সিটির ETC টাওয়ার্স** হলো বিকন কমিউনিটিজ এবং ফার্স্ট শিলোহ ব্যাপ্টিস্ট চার্চের একটি 72 মিলিয়ন মার্কিন ডলারের 281 ইউনিট সংরক্ষণ প্রকল্প।
- **বাফেলো সিটির বেস্টসেলফে ম্যানহাটন ভিলেজ** হলো বেস্টসেলফ প্রোপার্টিজ, ইনকর্পোরেটেড এবং বেস্টসেলফ বিহেভিওরাল হেলথের নির্মিত একটি 27 মিলিয়ন মার্কিন ডলারের, 66 ইউনিটের নতুন নির্মাণ প্রকল্প।
- **বাফেলো সিটির 875 লাফায়েট** হলো ওয়েস্টার্ন নিউইয়র্ক বেলমন্ট হাউজিং রিসোর্সেস, ইনকর্পোরেটেডের নির্মিত একটি 34 মিলিয়ন মার্কিন ডলারের, 80 ইউনিটের মিশ্র উপার্জনের ডেভেলপমেন্ট।
- **হ্যামবার্গ টাউনের রাইলি ব্রুক অ্যাপার্টমেন্টস** হলো গ্রোভ ডেভেলপমেন্ট এবং সাউদার্ন টিয়ার এনভায়রনমেন্টস ফর লিভিংয়ের একটি 24 মিলিয়ন মার্কিন ডলারের 70 ইউনিটের কর্মীবাহিনীর আবাসন ডেভেলপমেন্ট এবং কমিউনিটি ভবন।

**প্রতিনিধি ব্রায়ান হিগিন্স বলেন,** "সাশ্রয়ী বসবাসের সুযোগ ওয়েস্টার্ন নিউ ইয়র্কের সেরা বৈশিষ্ট্যগুলির একটি। আমাদেরকে অবশ্যই বিদ্যমান আবাসিক থাকার ব্যবস্থার উন্নয়ন এবং সকলের জন্য নতুন সাশ্রয়ী আবাসন খোলার উপায় খুঁজতে থাকতে হবে। অনেকাংশে ফেডারেল নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিটের জন্য সম্ভব হওয়া এই প্রকল্পসমূহ সেই লক্ষ্যের অগ্রগতি অব্যাহত রাখছে।"

**প্রতিনিধি আদ্রিয়ানো এস্পিয়াত বলেন,** "আমাদের সম্প্রদায়সমূহের স্বাস্থ্য ও টিকে থাকার জন্য সাশ্রয়ী আবাসন অতি গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্ক স্টেটজুড়ে সাশ্রয়ী আবাসন নিশ্চিত করার জন্য এই উল্লেখযোগ্য মাত্রার তহবিল বরাদ্দ করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি। অর্থনৈতিক বিকাশ বলীয়ান করা, টেকসই সম্প্রদায়কে সমর্থন করা, এবং দুর্বল পরিবারকে সমৃদ্ধি করতে সাহায্য করার জন্য তাদের সহায়তা প্রদান করতে আমাদের যে প্রতিশ্রুতি রয়েছে, আজকের ঘোষণা তা অগ্রসর করে।"

**প্রতিনিধি জো মোরেল বলেন,** "মানসম্পন্ন, সাশ্রয়ী আবাসন হলো প্রত্যেক সম্প্রদায়ের ভিত্তি, এবং নিজের বাড়ি বলার মতো একটি নিরাপদ ও স্থিতিশীল স্থান সকল মানুষের প্রাপ্য। নিউ ইয়র্কবাসীদের জন্য সম্প্রসারিত আবাসনের বিকল্পকে সমর্থন করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির জন্য আমি তার প্রতি কৃতজ্ঞ। নিম্ন আয়ের পরিবারের জন্য সুযোগ তৈরি করতে আমাদের অংশীদারিত্ব অব্যাহত রাখতে আমি উন্মুখ।"

**প্রতিনিধি প্যাট রায়ান বলেন,** "হাডসন ভ্যালিতে আবাসনকে আরো ক্রয়ক্ষমতার মধ্যে আনার জন্য আমি প্রতিদিন লড়াই করছি এবং 40 মিলিয়ন মার্কিন ডলারের বেশি এই বিনিয়োগটি নিউবার্গ ও হাইল্যান্ডের পরিশ্রমী পরিবারগুলির জীবন বদলে দিবে। এই অর্থায়নের অর্থ হলো আরো কয়েকশত বয়স্ক ব্যক্তি ও ভেটেরানরা স্বাধীনভাবে বাঁচতে পারবে, এবং বিনামূল্যে ব্রডব্যান্ড পাওয়ার অতিরিক্ত তহবিলের কারণে তারা সম্প্রদায়ের সক্রিয় সদস্যও হতে পারবে। অঞ্চলের আবাসিক খরচ কমিয়ে আনার জন্য আমি গভর্নর হোকল, RUPCO এবং দ্য কিয়ারনি রিয়েলিটি ও ডেভেলপমেন্ট গ্রুপ, ইন্‌কর্পোরেটেডের সাথে কাজ অব্যাহত রাখতে উন্মুখ।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন